# পরিক্রমা

সংখ্যা # ৬৭ : ডিসেম্বর ২০১৬

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**
ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
Website: www.sec.gov.bd, **www.secbd.org**
E-mail: secbd@bdmail.net

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৫ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য | |
| ০৬ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী | |
| ০৭ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৮ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস এন্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৯ | কর্পোরেট ফিন্যান্স | |
| ১০ | ক্যাপিটাল ইস্যু | |
| ১১ | সার্ভেইল্যান্স | |
| ১২ | নিবন্ধন | |
| ১৩ | মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি | |
| ১৪ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেট এন্ড ইস্যুয়ার কোম্পানীজ (এসআরএমআইসি) | |
| ১৫ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৬ | এনফোর্সমেন্ট | |
| ১৭ | আইন | |
| ১৮ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৯ | এমআইএস | |
| ২০ | গবেষণা ও উন্নয়ন | |
| ২১ | আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ | |
| ২২ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২৩ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চার বছর মেয়াদের জন্য তাঁরা সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন। চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রনের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব মোঃ আঃ সালাম সিকদার ও ড. স্বপন কুমার বালা। চেয়ারম্যান ও প্রথম তিন জন কমিশনার মে ২০১১ থেকে দায়িত্ব পালন করে, মে ২০১৪ তে দ্বিতীয় মেয়াদে আরও চার বৎসরের জন্য নিয়োগ প্রাপ্ত হন। ড. স্বপন কুমার বালা ১৯ এপ্রিল ২০১৬ থেকে কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) বাংলদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে 'A' ক্যাটাগরীতে উন্নীত করে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
**কমিশনার**



জনাব মোঃ আঃ সালাম সিকদার
**কমিশনার**



ড. স্বপন কুমার বালা
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

১. জনাব ফরহাদ আহমেদ

(বর্তমানে IOSCO এর Enforcement and Co-operation Advisor হিসাবে Secondment Position এ কর্মরত )

২. মিসেস রুকসানা চৌধুরী

৩. জনাব এ.টি.এম. তারিকুজ্জামান

(বর্তমানে শিক্ষা ছুটিতে নিউ-জিল্যান্ড এ অবস্থান করছেন)

৪. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

৫. জনাব মোঃ সাইফুর রহমান

৬. জনাব মোঃ আশরাফুল ইসলাম

৭. জনাব এম. হাছান মাহমুদ

৮. জনাব মাহবুবুল আলম

৯. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ

১. মিসেস রুকসানা চৌধুরী, নির্বাহী পরিচালক (এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, এএমএল/সিএফটি উইং)

২. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক (এসআরএমআইসি, প্রশাসন ও অর্থ বিভাগ)

৩. জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক (এসআরআই, সার্ভেইল্যান্স বিভাগ)

৪. জনাব মোঃ আশরাফুল ইসলাম, নির্বাহী পরিচালক (এমআইএস, আরএন্ডডি ও সিডিএস বিভাগ)

৫. জনাব এম হাছান মাহমুদ, নির্বাহী পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি, কর্পোরেট ফাইন্যান্স বিভাগ)

৬. জনাব মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক (ক্যাপিটাল ইস্যু, নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ ও ফাইন্যান্সিয়াল লিটারেসি বিভাগ)

৭. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী, নির্বাহী পরিচালক (সিএমআরআরসি ও আইন)

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ

| | | |
|---|---|---|
| ১. | জনাব কামরুল আনাম খান | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ২. | জনাব মোহাম্মদ রেজাউল করিম | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ৩. | জনাব মোহাম্মদ শফিউল আজম | পরিচালক (এসআরআই) |
| ৪. | জনাব রিপন কুমার দেবনাথ | পরিচালক (সিএমআরআরসি) |
| ৫. | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৬. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | পরিচালক (নিবন্ধন) |
| ৭. | জনাব মোঃ মাহমুদুল হক | পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি) |
| ৮. | জনাব প্রদীপ কুমার বসাক | পরিচালক (ক্যাপিটাল ইস্যু, কর্পোরেট ফাইন্যান্স) |
| ৯. | জনাব রাজিব আহমেদ | পরিচালক (এমআইএস) |
| ১০. | জনাব মোঃ আবুল কালাম | পরিচালক (অর্থ) |
| ১১. | জনাব মোঃ মনছুর রহমান | পরিচালক (এসআরএমআইসি) |
| ১২. | জনাব মোহাম্মদ আবুল হাসান | পরিচালক (প্রশাসন) |
| ১৩. | জনাব শেখ মাহবুব উর রহমান | পরিচালক (সার্ভেইল্যান্স) |
| ১৪. | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিব ও পরিচালক (কমিশন সচিবালয় ও আন্তর্জাতিক সম্পর্ক) |
| ১৫. | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | পরিচালক (গবেষণা ও উন্নয়ন) |

## ৫. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য

যেহেতু সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠিত হয়, সেহেতু বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ বাজারের উন্নয়ন;
- সিকিউরিটিজ সংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

উপরোক্ত উদ্দেশ্য পূরণকল্পে বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স, সিকিউরিটিজ আইন অমান্যকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যাবলী, নিয়মতান্ত্রিকভাবে সিকিউরিটিজ ইস্যু করণ, বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম এবং সময়োপযোগী বাজার সংস্কার কার্যক্রম পরিচালনায় কমিশন সর্বদা সচেষ্ঠ থাকে।

দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকুল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে পুঁজিবাজারের আইনগত কাঠামোর উন্নয়ন, সিকিউরিটিজের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অটোমেশন পদ্ধতির প্রবর্তন, সেন্ট্রাল ডিপজিটরী প্রতিষ্ঠার মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে বিনিয়োগকারীদের শেয়ার সংরক্ষণ ও হস্তান্তর, বিনিয়োগকারীদের জন্য ওয়েব ভিত্তিক সিকিউরিটিজের তাৎক্ষনিক বাজারমূল্য ও ইনডেক্স তথ্য প্রপ্তির সুবিধা এবং বিএসইসি, স্টক এক্সচেঞ্জ, বিআইসিএম ও বাজার মধ্যস্থতাকারী কর্তৃক সাধারন বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি পুঁজিবাজারের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের জন্য কমিশন একটি দীর্ঘমেয়াদী ১০-সালা পরিকল্পনা প্রনয়ন করেছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে পুঁজিবাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং এতে দীর্ঘমেয়াদে বাজারের স্থিতিশীলতা ও গভীরতা বৃদ্ধি পাবে।

## ৬. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- বিধিমোতাবেক সিকিউরিটিজ ইস্যুকরণ;
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- বাজার সংস্কার এর মাধ্যমে বাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রন;
- স্টক এক্সচেঞ্জ ও অন্যান্য সিকিউরিটিজ সংক্রান্ত ব্যবসা নিয়ন্ত্রণ;
- স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার ট্রান্সফার এজেন্ট, মার্চেন্ট ব্যাংকার ও ইস্যু ম্যানেজার, ট্রাস্ট ডীডের ট্রাস্টি, ইস্যু রেজিষ্ট্রার, অবলেখক, পোর্টফোলিও ম্যানেজার, বিনিয়োগ পরামর্শক এবং অন্যান্য বাজার মধ্যস্থতাকারীদের ব্যবসা নিয়ন্ত্রণ;
- সকল প্রকার মিউচ্যুয়াল ফান্ড সহ যৌথ বিনিয়োগ স্কীমের ব্যবসা নিবন্ধন, মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- সিকিউরিটিজ বাজারের সকল অনুমোদিত স্বশাসিত ব্যবসা মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- শেয়ার বাজারের অনৈতিক, প্রতারণামূলক ও অস্বচ্ছ যে কোন লেনদেন এর প্রচলন নিষিদ্ধ ও রোধকরণ;
- বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের বিনিয়োগকারীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে শিক্ষামূলক জ্ঞানের উন্নয়ন;
- ইনসাইডার ট্রেডিং ব্যবসা নিষিদ্ধকরণ;
- পর্যাপ্ত পরিমান শেয়ার অধিগ্রহণ, কোম্পানির ব্যবস্থাপনা গ্রহণ সংক্রান্ত নিয়ন্ত্রণ;
- তদন্ত ও পরিদর্শন পরিচালনাকরণ;
- কমোডিটি ফিউটার কর্ন্ট্রাক বা অপটন কর্ন্ট্রাক ব্যবসার লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

## ৮.    পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

### "পুঁজিবাজারের বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যৎ" শীর্ষক সেমিনার




সেমিনারে উপবিষ্ট মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান, কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ

২ নভেম্বর ২০১৬ তারিখে স্থানীয় একটি হোটেলে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ) "পুঁজিবাজারের বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যৎ" শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম পি, বিশেষ অতিথি হিসেবে মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান এম পি অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন । এছাড়াও উক্ত সেমিনারে কমিশনের কমিশনারবৃন্দ প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব মোঃ আঃ সালাম সিকদার ও ড. স্বপন কুমার বালা, ডিএসই ও সিএসই এর প্রতিনিধিবৃন্দ, মার্চেন্ট ব্যাংকের প্রতিনিধিবৃন্দ সহ পুঁজিবাজার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, এখন বাজার স্থিতিশীল পর্যায়ে চলে এসেছে। সবচেয়ে ভালো দিক হলো, এখন নিয়ম ও আইন-কানুনের মধ্য দিয়ে বাজার চলছে। বাজার নিয়ে বিনিয়োগকারীদের মধ্যে আস্থা ও বিশ্বাস সৃষ্টি হয়েছে। বর্তমান সরকার সব সময়ই পুঁজিবাজারের দিকে বিশেষ দৃষ্টি দিয়েছে। বর্তমানে বাজারের পরিসর ছোট হলেও এর ভবিষ্যত উজ্জ্বল। তিনি আরও বলেন, একটি কার্যকর ও গভীর পুঁজিবাজারের জন্য শেয়ারের পাশাপাশি বন্ডকেও জনপ্রিয় করতে হবে। ভালো ভালো বন্ড ইস্যু করে সেগুলো তালিকাভুক্ত করা হলে বিনিয়োগকারীই তাতে সাড়া দেবেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী বলেন, আমাদের জিডিপি প্রবৃদ্ধি ৭ শতাংশ ছাড়িয়ে গেলেও এর ভিত্তি আরো মজবুত করতে হবে। অর্থনীতিতে সুশাসন বজায় থাকলেই সেটি সম্ভব হবে।

কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন বলেন, বর্তমানে বাজারে স্থিতিশীলতা এসেছে। বিদেশি বিনিয়োগকারীরা বাজারে বিনিয়োগ করতে আগ্রহ প্রকাশ করছেন। এখনো যতটুকু আস্থার সংকট রয়েছে তা বিনিয়োগকারীদের জ্ঞানের অভাবের কারণেই। তাই আমরা দেশব্যাপী আর্থিক জ্ঞান বাড়াতে পদক্ষেপ নিয়েছি।

এ ছাড়াও পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ সেমিনারে তাদের মূল্যবান বক্তব্য রাখেন।

# বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট এক্সপো ২০১৬




উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, বিশেষ অতিথি কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ

১ ডিসেম্বর, ২০১৬ তারিখে রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) সম্মেলন কেন্দ্রে তিন-দিনব্যাপী বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট এক্সপো ২০১৬ শুরু হয়। এই মেলার উদ্বোধন করেন প্রধান অতিথি বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন। এছাড়াও কমিশনের কমিশনারবৃন্দ প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব মোঃ আঃ সালাম সিকদার ও ড. স্বপন কুমার বালা সহ পুঁজিবাজার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উক্ত মেলায় স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল, বিআইসিএম, আইসিএবি, আইসিএমএবি, আইসিএস, বাংলাদেশ অর্থনীতি সমিতি, ব্রোকার হাউজ, মার্চেন্ট ব্যাংক, এএমসি, ইস্যু ম্যানেজার, তালিকাভুক্ত কোম্পানি, অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড সহ অন্যান্য প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। মেলায় প্রতিদিনই শেয়ারবাজার ও অর্থনীতি সম্পর্কিত গুরুত্বপূর্ণ সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন বলেন, পুঁজিবাজারে আমাদের দায়িত্ব নেওয়ার পর থেকে অনেক আইনগত সংস্কার সাধিত হয়েছে। পুঁজিবাজার নিয়ে সরকারের ইতিবাচক ভূমিকার কারণে এই সংস্কার সম্ভব হয়েছে। আমাদের দেশের পুঁজিবাজারে ইউরোপ-আমেরিকার পুঁজিবাজারের তুলনায় মাল্টি প্রোডাক্টের অভাব রয়েছে। আগামীতে আমাদের বাজারে স্বল্প মূলধনী কোম্পানির আলাদা বোর্ড তৈরী করা হবে। তাতে বাজারে নতুন অর্থ যুক্ত হবে এবং জিডিপিতে পুঁজিবাজারের অবদানও বাড়বে। এই স্মল ক্যাপ প্লাটফর্মের ফলে বিদেশিরা এখানে বিনিয়োগ করতে আরও আগ্রহী হবে।

উক্ত কর্মশালায় কমিশনার জনাব মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কমার বালা, প্রাক্তন কমিশনার জনাব আরিফ খান সহ পুঁজিবাজার বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গ বিভিন্ন বিষয়ে তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন।

# ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ এ বিএসইসি'র নেতৃত্বে পুঁজিবাজার সেক্টরের অংশগ্রহণ

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বিএএসআইএস) এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় আইসিটি বিভাগ 'নন-স্টপ বাংলাদেশ' থিম নিয়ে ১৯-২১ অক্টোবর, ২০১৬ তারিখে তিন দিনব্যাপী 'ডিজিটাল ওর্য়াল্ড ২০১৬' এর আয়োজন করে রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। উক্ত মেলায় সরকারের সকল মন্ত্রণালয়, অধীনস্থ সকল সংস্থা ও সেক্টর অংশ গ্রহণ করে। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ এ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নেতৃত্বে পুঁজিবাজার সেক্টর থেকে ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্রগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট অংশগ্রহণ করে।




ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ মেলায় আইসিটি ইন্টারপ্রেনিয়ারদের ব্যবসার শুরুতে স্টার্টআপ ক্যাপিটাল জোগানো সংক্রান্ত ভেঞ্চার ক্যাপিটাল এর উপর অনুষ্ঠিত সেমিনারে উপবিষ্ট প্রধান অতিথি মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান এম. পি, বিশেষ অতিথি কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ




মেলায় পুঁজিবাজার তথা কমিশনের স্টল পরিদর্শন করেন কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন

ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ মেলায় আইসিটি ইন্টারপ্রেনিয়ারদের ব্যবসার শুরুতে স্টার্টআপ ক্যাপিটাল জোগানো সংক্রান্ত ভেঞ্চার ক্যাপিটাল এর উপর অনুষ্ঠিত সেমিনারে মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম, এ মান্নান, এম.পি, প্রধান অতিথি এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ড. হোসেন পুঁজিবাজার থেকে আইসিটিসহ অন্যান্য খাতে ভেঞ্চার ক্যাপিটাল সহায়তার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট) রুলস ২০১৫ প্রণয়ন করা হয়েছে মর্মে উল্লেখ করেন এবং এ বিষয়ে বিশদ বক্তব্য উপস্থাপন করেন যা উপস্থিত ইন্টারপ্রেনিয়ার ও দর্শকদের অনুপ্রাণিত করে।

ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ মেলায় পুঁজিবাজার ডিজিটালাইজেশনকরণে স্টক এক্সচেঞ্জে লেনদেনের অটোমেশন, শেয়ারের ডিম্যাট, বিনিয়োগকারীদের এসএমএস এর মাধ্যমে ট্রেডিং তথ্য সরবরাহ, কমিশনের কার্যক্রমে আধুনিক সার্ভেইল্যান্স সিস্টেম ও অটোমেশনের ব্যবহার সহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল, আইসিবি ও বিআইসিএম এর বিভিন্ন ডিজিটালাইজেশন কার্যক্রম তুলে ধরা হয়। এ উপলক্ষ্যে পুঁজিবাজার ডিজিটালাইজেশন শীর্ষক একটি স্মরনিকা প্রকাশ করা হয়।

## ৮. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস এন্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

**অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছেঃ**

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০১৬-৩৫১/১৯৪/প্রশাসন/৭৪ তারিখঃ ২২ নভেম্বর ২০১৬। |
| ২. | সরাসরি তালিকাভুক্তি সম্পর্কে স্টক এক্সচেঞ্জসমূহকে নির্দেশনা | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯৫ তারিখঃ ০১ ডিসেম্বর ২০১৬। |
| ৩. | স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির বিপরীতে রক্ষিতব্য প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯৬ তারিখঃ ২৮ ডিসেম্বর ২০১৬। |

# ৯. কর্পোরেট ফিন্যান্স

**কর্পোরেট ফিন্যান্স বিভাগের ত্রৈমাসিক কার্যক্রমঃ অক্টোবর - ডিসেম্বর, ২০১৬**

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানীর সংখ্যা | ব্যবস্থার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ০৬ | ১৫ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানীসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ | ০১ |
| | | IPO ইস্যু এর তহবিল ব্যবহার সংক্রান্ত বিশেষ নিরীক্ষক নিয়োগ। | ০১ | ০১ |
| ২. | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০১ | ০১ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৪ | ০৪ |
| ৩. | জুন ৩০, ২০১৬ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীর বিষয়ে কোম্পানীর ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ | ০১ |
| ৪. | সেপ্টেম্বর ৩০, ২০১৬ এবং মার্চ ৩১, ২০১৬ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৮ | ০৮ |
| ৫. | জুন ৩০, ২০১৬ তারিখে সমাপ্ত ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ | ০১ |
| ৬. | সেপ্টেম্বর ৩০, ২০১৫ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ | ০১ |
| ৭. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | ০৭/০৮/২০১২ ইং তারিখে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের শর্ত নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৩ | ০৩ |
| ৮. | স্টক এক্সচেঞ্জ সমূহকে নির্দেশনা প্রদান। | তালিকাভুক্ত ম্যানুফেকচারিং কোম্পানি সমূহের কস্ট অডিট পরিপালন সংক্রান্ত সরকারি অর্ডার পর্যবেক্ষণ। | ০১ | ০১ |
| | | ইস্যুয়ার সম্পর্কিত সংবাদ পরীক্ষণ সংক্রান্ত নির্দেশনা। | ০২ | ০২ |

# ১০. ক্যাপিটাল ইস্যু

## প্রাইভেট লিমিটেড কোম্পানি

**অক্টোবর -ডিসেম্বর, ২০১৬ সময়কালে যে সকল প্রাইভেট লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপ:**

| ক্রমি নং | বিবরণ | কোম্পানীর নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|---|
| ১ | জিন্নাত এপারেলস লি: | সাধারণ শেয়ার টাকা ৬,০০০,০০০০/- | ০৫.১০.২০১৬ | ৬,০০০,০০০০/- |
| ২ | এয়ারটেল বাংলাদেশ লি: | সাধারণ শেয়ার টাকা ৫৩২১৬৪১৬৯০০/- | ০৬.১০.২০১৬ | ৫৩২১৬৪১৬৯০০/- |
| ৩ | সিডনি ঢাকা জয়েন্ট ভেঞ্চার প্রাইভেট লি: | সাধারণ শেয়ার টাকা ৪৮৫৮৭৫০০/- | ০৬.১০.২০১৬ | ৪৮৫৮৭৫০০/- |
| ৪ | লংকা বাংলা এসেট ম্যানেজমেন্ট কোম্পানী লি: | সাধারণ শেয়ার টাকা ৪০,০০০,০০০০/- | ১০.১০.২০১৬ | ৪০,০০০,০০০০/-- |
| ৫ | আর কে স্পেনিং মিলস লি: | সাধারণ শেয়ার টাকা ৫৯৭৫০০০০০/- | ১৮.১০.২০১৬ | ৫৯৭৫০০০০০/- |
| ৬ | বেস্ট ইলেকট্রনিক্স লি: | সাধারণ শেয়ার টাকা ৩৯৯৭০০০০০/- | ২০.১০.২০১৬ | ৩৯৯৭০০০০০/- |
| ৭ | জি এ বি লি: . | সাধারণ শেয়ার টাকা ২৩,৪৪,৪৯,৪০০/- | ২৩.১০.২০১৬ | ২৩,৪৪,৪৯,৪০০/- |
| ৮ | রহিম আফরোজ সুপার স্টোর লি: | সাধারণ শেয়ার টাকা ৫,৫০,০০,০০০/- | ২৩.১০.২০১৬ | ৫,৫০,০০,০০০/- |
| ৯ | ইউনাইটেড আশুগঞ্জ এনার্জি লি: | সাধারণ শেয়ার টাকা . ৩৬০,০৪,৩৯,০১০/- | ২৭.১০.২০১৬ | ৩৬০,০৪,৩৯,০১০/- |
| ১০ | গ্রিভি গার্মেন্টস ইন্ডাস্ট্রিজ লি: . | সাধারণ শেয়ার টাকা ১০,০০,০০,০০০/- | ০৬.১১.২০১৬ | ১০,০০,০০,০০০/- |
| ১১ | এইচমিসিএল নিলয় বাংলাদেশ লি: | সাধারণ শেয়ার টাকা ২৩১,০০০,০০০/- | ০৭.১১.২০১৬ | ২৩১,০০০,০০০/- |
| ১২ | ইন্টান্যাশনাল বেভারেজ প্রাইভেট লি: | সাধারণ শেয়ার টাকা ১৯২,২৪,৮০,০০০/- | ০৭.১১.২০১৬ | ১৯২,২৪,৮০,০০০/- |
| ১৩ | গ্রীন টেক্সটাইল লি: | সাধারণ শেয়ার টাকা ৬,৭৯,৯৫,৪০০/- | ০৯.১১.২০১৬ | ৬,৭৯,৯৫,৪০০/- |
| ১৪ | মেটরিক্স সোয়েটারস লি: | সাধারণ শেয়ার টাকা ১৪,০০,০০,০০০/- | ০৯.১১.২০১৬ | ১৪,০০,০০,০০০/- |
| ১৫ | আলোকিত মেডিয়া লি: . | সাধারণ শেয়ার টাকা ৫,৯৭,০০,০০০/- | ০৯.১১.২০১৬ | ৫,৯৭,০০,০০০/- |
| ১৬ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ক্যাপিটাল এন্ড ইনভেস্টমেন্ট লি: | সাধারণ শেয়ার টাকা ৫,৩৫,০০,০০০/- | ১৩.১১.২০১৬ | ৫,৩৫,০০,০০০/- |
| ১৭ | ইনসেপ্টা কেমিক্যাল লি: | সাধারণ শেয়ার টাকা ২৬,০০,০০,০০০/- | ১৩.১১.২০১৬ | ২৬,০০,০০,০০০/- |
| ১৮ | সোনালি ডেটজার লি: | সাধারণ শেয়ার টাকা ১৮,০০,০০,০০০/- | ২২.১১.২০১৬ | ১৮,০০,০০,০০০/- |
| ১৯ | গানজি ইউনাইটেড লি: | সাধারণ শেয়ার টাকা ১১,৬২,৫০,০০০/- | ২২.১১.২০১৬ | ১১,৬২,৫০,০০০/- |
| ২০ | ডিপতা এ্যাপেরালস লি: | সাধারণ শেয়ার টাকা ১২,১০,৫০,০০০/- | ২২.১১.২০১৬ | ১২,১০,৫০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | কিলিসটন ফুডস এ্যান্ড একুমেডশন লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩০,৫০,০০,০০০/- | ২৭.১১.২০১৬ | ৩০,৫০,০০,০০০/- |
| ২২ | সিপি বাংলাদেশ কোম্পানী লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩৬১,০০,০০,০০০/- | ২৮.১১.২০১৬ | ৩৬১,০০,০০,০০০/- |
| ২৩ | নুরজাহান সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা ১০,০০,০০০/- | ০৭.১২.২০১৬ | ১০,০০,০০০/- |
| ২৪ | ইবিএল সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩০,০০,০০,০০০/- | ১৪.১২.২০১৬ | ৩০,০০,০০,০০০/- |
| ২৫ | জেকসন ইন্টারন্যাশনাল লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪,৬২,৫৪,৬০০/- | ২২.১২.২০১৬ | ৪,৬২,৫৪,৬০০/- |
| ২৬ | ফার্স্ট ঢাকা ইলিভেটেড এক্সপ্রেষ কোম্পানী লিঃ | সাধারণ শেয়ার টাকা ২৪,৭৫,৬৭,৬০০/- | ২৬.১২.২০১৬ | ২৪,৭৫,৬৭,৬০০/- |
| ২৭ | এক্সিম ইসলামী ইনভেস্টমেন্ট লিঃ | সাধারণ শেয়ার টাকা ১০০,০০,০০,০০০/- | ২৬.১২.২০১৬ | ১০০,০০,০০,০০০/- |
| | মোট টাকা | | | ৬৭,৩৭৩,৮৯০,৪১০/- |

## পাবলিক লিমিটেড কোম্পানি

| অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়কালে যে সকল পাবলিক লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপঃ | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | কোম্পানীর নাম | ধনুমোদনের তারিখ | পরিমাণ |
| ১ | মির সিরামিক লিঃ | সাধারণ শেয়ার টাকা ২৮৭৫৩৭৫০০/- | ০৪.১০.২০১৬ | ২৮৭৫৩৭৫০০/- |
| ২ | সামিট পাওয়ার লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৯১৮৭৬৫১৮০/- | ০৪.১০.২০১৬ | ১৯১৮৭৬৫১৮০/-- |
| ৩ | ফাইবার @ হোম লিঃ | সাধারণ শেয়ার টাকা ৭১০,০০,০০০/- | ১৩.১০.২০১৬ | ৭১০,০০,০০০/- |
| ৪ | আইএফসি সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা ১৪০,০০,০০,০০০/- | ১৩.১০.২০১৬ | ১৪০,০০,০০,০০০/- |
| ৫ | বাস্তহাইলি হোলডিং লিঃ | রেডিমেবল নন কনভারটেবল কমিউলেটেবল সিকিউরিটিবন টাকা ৭,০০,০০,০০০/- | ১৬.১০.২০১৬ | ৭,০০,০০,০০০/- |
| ৬ | ইনফিনিটি টেকনোলজি লিঃ | সাধারণ শেয়ার টাকা.১০,০০০,০০০০/- | ২০.১০.২০১৬ | ১০,০০০,০০০০/- |
| ৭ | রাহ লংতা পাওয়ার কোম্পানী লিঃ | রেডিমেবল নন কনভারটেবল কমিউলেটেবল প্রিফারেন্স শেয়ার টাকা ১,৬০০,০০০,০০০/- | ২৩.১০.২০১৬ | ১,৬০০,০০০,০০০/- |
| ৮ | অরগার্নিক হেল্থ কেয়ার লিঃ | সাধারণ শেয়ার টাকা ৪,০০,০০০,০০০/- | ২৩.১০.২০১৬ | ৪,০০,০০০,০০০/- |
| ৯ | লেন্ড মার্ক ফেবেরিকস্ লিঃ | বোনাস শেয়ার টাকা ৪৮,১৬,০০,০০০/- | ০২.১১.২০১৬ | ৪৮,১৬,০০,০০০/- |
| ১০ | রকি এক্সিটা লিঃ | সাধারণ শেয়ার টাকা ১,১৭৮,৫৩,৫০,০১০/- | ০৮.১১.২০১৬ | ১,১৭৮,৫৩,৫০,০১০/-- |
| ১১ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ | সাধারণ শেয়ার টাকা.২৪,৫৩,৭৬,০০০/- | ১৬.১১.২০১৬ | ২৪,৫৩,৭৬,০০০/- |
| ১২ | আইসিবি এসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ | Bonus shares of Tk. ৪৫,০০,০০,০০০/- | ২৭.১০.২০১৬ | ৪৫,০০,০০,০০০/- |
| ১৩ | এডেটকো বাংলাদেশ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৬১৩,৯১,৭৫,৪০০/- | ২৮.১১.২০১৬ | ৬১৩,৯১,৭৫,৪০০/- |
| ১৪ | গ্লেবাল এসেট লিঃ | সাধারণ শেয়ার টাকা৭,০০০,০০০/- | ০১.১২.২০১৬ | ৭,০০০,০০০/- |
| ১৫ | দেশ জেনারেল ইনসুরেন্স কোম্পানী লিঃ | সাধারণ শেয়ার টাকা.১,১৭,৫৭,৮৮০/- | ০৪.১২.২০১৬ | ১,১৭,৫৭,৮৮০/- |
| ১৭ | নুভেস্তা ফার্মা লিঃ | সাধারণ শেয়ার টাকা ৫,৮৭,৫০,৮০০/- | ০৪.১২.২০১৬ | ৫,৮৭,৫০,৮০০/- |
| ১৮ | এনআরবি কর্মাসিয়াল কোম্পানী লিঃ | বোনাস শেয়ার টাকা .১৩,৩৩,৮১,৭৭০/- | ২৬.১২.২০১৬ | ১৩,৩৩,৮১,৭৭০/- |
| ১৯ | ইকিএল সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা.৬০,০০,০০,০০০/- | ২৭.১২.২০১৬ | ৬০,০০,০০,০০০/- |
| ২০ | ইসলামী কর্মাসিয়াল ইনসুরেন্স কোম্পানী লিঃ | সাধারণ শেয়ার টাকা.২,৬১,২৭,৩০০/- | ২৯.১২.২০১৬ | ২,৬১,২৭,৩০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | স্ককোয়ার নিট কোম্পসিট লি: | বোনাস শেয়ার টাকা ৪০,০০,০০,০০০/- | ২৯.১২.২০১৬ | ৪০,০০,০০,০০০/- |
| | মোট টাকা | | | ২৫,৮২৫,৮২১,৮৪০ |

অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ ইং সময়ে রাইট শেয়ার অনুমোদনের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক নঃ | কোম্পানীর নাম | অনুমোদনের তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| ০১ | আইডিএলসি ফাইন্যান্স লিঃ | ২১.১১.২০১৬ | ১২৫,৬৮৩,৫৯৩ সাধারণ শেয়ার প্রতি শেয়ার ১০. ০০ টাকা মূল্যে (ইস্যু মূল্য ২০.০০ টাকা) | ২,৫১৩,৬৭১,৮৬০.০০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর অধীনে অক্টোবর-ডিসেম্বর ২০১৬ ইং সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনমোদিত কোম্পানীর বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানীর নাম | অনুমোদনের তারিখ | মূলধন উত্তোলন (Before IPO) | ইস্যু মূল্য | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | আইপিও টাকা (Including premium if any) | মূলধন উত্তোলন (Post IPO) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | পেসিফিক ডেনিম্স লিঃ। | ১০.১১.২০১৬ | | ১০.০০ টাকা | ৭,৫০,০০,০০০ | ৭৫.০০ কোটি | - |
| ২ | শেফার্ড ইন্ডাষ্ট্রিজ লিঃ | ০৮.১২.২০১৬ | | ১০.০০ টাকা | ২,০০,০০,০০০ | ২০.০০ কোটি | - |

# ১১. সার্ভেইল্যান্স

**দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "InstantWatch Market" এর মাধ্যমে উভয় স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশি- ষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

**তদন্ত ও অনুসন্ধান :**

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ড় ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ড় সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। অক্টোবর-ডিসেম্বর ২০১৬ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম সম্পাদন করেছে:

**(ক) তদন্ত:**

| ক্রমিক নং | তদন্তের ধরণ | তদন্তকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | রহিমা ফুড করপোরেশন লিমিটেডের শেয়ারে সাম্প্রতিক অস্বাভাবিক লেনদেন এবং উক্ত কোম্পানির সাথে সম্পর্কিত অন্যান্য অনিয়ম এর বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |
| ০২ | ডরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস লিমিটেড এর শেয়ারে অস্বাভাবিক লেনদেনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |
| ০৩ | এম. সিকিউরিটিজ লিমিটেডের কিছু গ্রাহক কর্তৃক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এ তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এর শেয়ারে অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি ( তদন্ত চলমান ) |
| ০৪ | বাংলাদেশ অটোকারস লিমিটেড, ফাইন ফুডস লিমিটেড, ইমাম বাটন ইন্ডাস্ট্রিজ লিমিটেড, মেঘনা কনডেন্সড মিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, মেঘনা পেট ইন্ডাস্ট্রিজ লিমিটেড, শ্যামপুর সুগার মিলস লিমিটেড, এবং জিল বাংলা সুগার মিলস লিমিটেড এর শেয়ারে সাম্প্রতিক অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি ( তদন্ত চলমান ) |

**(খ) অনুসন্ধানঃ**

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০২ | ঘোষণা ব্যতীত সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড এর স্পন্সর/পরিচালক কর্তৃক উক্ত কোম্পানির শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

অক্টোবর-ডিসেম্বর ২০১৬ সময়কালে "InstantWatch" market surveillance system এ যেসব শর্ট সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করে। উল্লেখিত সময়কালে ঢাকা স্টক একচেঞ্জ লিমিটেড ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্তে ৬১টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমান পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

## ১২. নিবন্ধন

**স্টক ডিলার/ব্রোকার এর নিবন্ধন সনদ প্রদান ও নবায়ন:**

অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়কালে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ০২ (দুই)টি স্টক ডিলার ও ০২ (দুই)টি স্টক ব্রোকার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ০২ (দুই)টি স্টক ডিলার ও ০১ (এক)টি স্টক ব্রোকারের নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ৫৪ (চুয়ান্ন)টি স্টক ডিলার এবং ২৪ (চব্বিশ)টি স্টক ব্রোকার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ৫৭ (সাতান্ন)টি স্টক ডিলার ও ৩৩ (তেত্রিশ)টি স্টক ব্রোকার নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**অনুমোদিত প্রতিনিধিদের নিবন্ধন সনদ প্রদান ও নবায়ন:**

আলোচ্য সময়কালে, কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ৪৬ (ছয়চল্লিশ)টি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ১৮ (আঠার)টি অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ১২৮ (একশত আটাশ)টি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ১২৫ (একশত পঁচিশ)টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**পূর্নসেবার ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ ইস্যু:**

অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়কালে কমিশন, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ০১ (এক)টি ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**পূর্নসেবার ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়ন:**

উক্ত সময়কালে কমিশন, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ৫৫ (পঞ্চান্নর)টি প্রতিষ্ঠানের ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**কাস্টডি ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়ন:**

অক্টোবর-ডিসেম্বর ২০১৬ সময়কালে, কমিশন ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ১৭(সতের)টি কাস্টডি ডিপজিটরি অংশগ্রহনকারী নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**ডেট সিকিউরিটিজ ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ ইস্যু:**

অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়কালে কমিশন Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 এর অধীনে ০৩ (তিন)টি ডেট সিকিউরিটি ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ ইস্যুঃ**

অক্টোবর-ডিসেম্বর ২০১৬ সময়কালে, কমিশন Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015 এর অধীনে ১ (এক)টি ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**মার্চেন্ট ব্যাংকের কর্পোরেট অফিস স্থানান্তরঃ**

আলোচ্য সময়ে কমিশন, ০৪ (চার)টি মার্চেন্ট ব্যাংকের কর্পোরেট অফিস স্থানান্তরের অনুমোদন দিয়েছে।

# ১৩.মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি (এমএফ এন্ড এসপিভি)

মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি বিভাগ অক্টোবর-ডিসেম্বও, ২০১৬ সময়ে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করে:

(১) মিউচ্যুয়াল ফান্ড এর নিবন্ধন ও পাবলিক ইস্যু সংক্রান্ত কার্যক্রম:

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রম |
|---|---|---|
| ১ | ফান্ডের **খসড়া** ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - **এএএমএল ইউনিট** ফান্ড<br>- সিএপিএম আইবিবিএল ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড<br>- **ক্রিডেন্স ফার্স্ট গ্রোথ ফান্ড** |
| ২ | ফান্ডের নিবন্ধন ও এসক্রো একাউন্ট খোলার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - এসইএমএল **এফবিএলএসএল গ্রোথ** ফান্ড<br>- **ক্রিডেন্স ফার্স্ট গ্রোথ ফান্ড**<br>- **এনএএম** আইবিবিএল ইসলামিক **ইউনিট** ফান্ড<br>- সিএপিএম আইবিবিএল ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড |
| ৩ | ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন | - ইউএফএস প্রগতি লাইফ ইউনিট ফান্ড<br>- এসইএমএল আইবিবিএল শরীয়াহ ফান্ড<br>- প্রাইম ফাইন্যান্স সেকেন্ড মিউচ্যুয়াল ফান্ড |
| ৪ | ফান্ডের প্রাথমিক চাঁদা সংগ্রহের সময় বর্ধন অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - **সিএপিএম বিডিবিএল** মিউচ্যুয়াল ফান্ড **ওয়ান** |
| ৫ | স্কীম হিসেবে ঘোষনার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - ভেনগার্ড এএমএল রূপালী ব্যাংক ব্যালান্সড ফান্ড<br>- **সিএপিএম বিডিবিএল** মিউচ্যুয়াল ফান্ড **ওয়ান** |

(২) মিউচ্যুয়াল ফান্ড এর অবলুপ্তি/ রূপান্তর সংক্রান্ত কার্যক্রম:

(ক) আইসিবি পরিচালিত সপ্তম **ও অষ্টম** আইসিবি মিউচ্যুয়াল ফান্ড যা মেয়াদ শেষে ইউনিট হোল্ডারদের সম্মতিতে মেয়াদী থেকে বেমেয়াদী ফান্ডে রূপান্তর এর সিদ্ধান্ত হয়েছে তাদের নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করা হয়:

- **অষ্টম** আইসিবি মিউচ্যুয়াল ফান্ড কে মেয়াদী থেকে বে-মেয়াদী ফান্ডে রূপান্তরের অনুমোদন প্রদান সংক্রান্ত কার্যাবলী;
- রূপান্তরিত সপ্তম আইসিবি ইউনিট ফান্ড এর নিবন্ধন সনদ ইস্যুও নীট অ্যাসেট ভ্যালু প্রকাশের অনুমতি প্রদানসহ স্কীম হিসেবে ঘোষনার অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।

এছাড়াও মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করা হয়।

# ১৪. সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেটস এন্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

অক্টোবর-ডিসেম্বর, ২০১৬ সময়কালে অনুষ্ঠিত এজিএম

